গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০৩২.১৮.৬২০ তারিখ: ১ আশ্বিন ১৪২৭
১৬ সেপ্টেম্বর ২০২০

বিষয়: **নওগাঁ জেলার সদর উপজেলাধীন উল্লাসপুর খলিল উদ্দিন ইসলামিয়া আলিম মাদরাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।**

সূত্র: (১) উল্লাসপুর খলিল উদ্দিন ইসলামিয়া আলিম মাদরাসার স্মারক নং- উ.আ.মা./নওগাঁ/২০২০/০৯ তারিখ: ১১.০৭.২০২০ খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪) তারিখ: ০৯.০৯.২০১৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে,সূত্রোস্থ (১) নং স্মারকে উল্লিখিত মাদ্রাসার অধ্যক্ষ এর আবেদনের প্রেক্ষিতে সূত্রোস্থ (২)নং স্মারকের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে নিম্নেবর্ণিত মাদ্রাসায় পদসমূহ নিয়োগের লক্ষে ছকে বর্ণিত কর্মকর্তাকে উক্ত মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি হিসেবে নিম্নলিখিত শর্তে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হলো-

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | নিয়োগের বিষয়/পদ | প্রতিনিধির নাম |
|---|---|---|---|
| ০১. | উল্লাসপুর খলিল উদ্দিন ইসলামিয়া আলিম মাদ্রাসা, সদর, নওগাঁ।<br>মোবা: ০১৭৩৩৮৪৭৮৮৪ | ০১. “অফিস সহকারী কাম হিসাব সহকারী”-০১টি<br>০২. “নিরাপত্তা কর্মী”-০১টি<br>০৩. “আয়া”-০১টি<br>**উল্লেখ্য,পদগুলো জনবল কাঠামো-২০১৮ মোতাবেক ২০১৯-২০২০ অর্থ বছরে প্রাপ্যতা আছে।** | জনাব মো: আবদুল মুকীত<br>সহকারী পরিচালক (অর্থ)<br>মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা<br>০১৯১১৯১৬৮৭৭ |

উল্লেখ্য যে, উপরিউক্ত পদটি জনবল কাঠামো ০৪ ফেব্রুয়ারী, ২০১০-এ প্রনীত, মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত-তে উল্লিখিত স্টাফ প্যাটার্নভুক্ত পদ।

শর্তাবলী:

(১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ) তারিখ:১১.১১.২০১৫ খ্রি: এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০. ০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১, তারিখ:৩০.১২.২০১৫ খ্রি: এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০২. কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সার্কুলার এর ব্যত্যয় ঘটানো যাবেনা।

০৩.শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল /পরিপত্রের অনুচ্ছেদ ৬.১ (ক), (খ) (গ), ও (ঘ) এবং প্রযোজ্য অন্যান্য অনুচ্ছেদ মোতাবেক প্যাটার্নভুক্ত শুন্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করবেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি,সর্বশেষে এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। ১৯ জুলাই,২০১৮ খ্রি: তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকায় অনুমোদিত পদের অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডিজির প্রতিনিধি হিসাবে অংশ গ্রহণ করা যাবে না।

০৪. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল কাঠামো/পরিপত্রের অনুচ্ছেদ: ১১ (১) এবং পরিশিষ্ট ঘ” মোতাবেক চাকুরীতে প্রবেশের বয়স সীমা, কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসাবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।

০৫.মহিলা কোটা পুরণের ক্ষেত্রে ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল কাঠামোর অনুচ্ছেদ: ৯ (নয়) এর গ” এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে) পুঙ্খানুপুঙ্খরুপে অনুসরণ করতে হবে।

০৬.প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্ণিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।

০৭.শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডিজির প্রতিনিধি হিসেবে তাঁর নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সম্বলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর করতে হবে।

০৮. ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং নিয়োগ যোগ্য পদ ও কমিটি নিয়ে মামলা থাকলে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।

০৯.মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা-এর প্রতিনিধি হিসাবে উপরিউক্ত নির্দেশনাবলী পুঙ্খানুপুঙ্খরুপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদরাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃ৪/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র

মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

¸১০. নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০% বেতন-ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে" শর্তটি ডিজি'র প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদরাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।

১১. নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর তিনি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন

**১২. এ নিয়োগ সম্পন্ন না হওয়া পর্যন্ত ডি.জি মহোদয় কর্তৃক মনোনিত উক্ত প্রতিনিধি বহাল থাকবেন। এ ক্ষেত্রে ডি.জি মহোদয় মনোনয়ন পরিবর্তনের ক্ষমতা সংরক্ষন করেন। উল্লেখ্য যে, মাদ্রাসার কমিটি,অধিভূক্তি, স্বীকৃতি এবং পত্রিকার মেয়াদ উত্তীর্ণের কারণে অথবা অন্য যে কোন কারণে নিয়োগ বোর্ড বাতিল হলে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানপূর্বক কমিটি,অধিভূক্তি ও স্বীকৃতির কপি এবং প্রয়োজনীয় অন্যান্য সকল কাগজ-পত্রসহ মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর পূণরায় আবেদন করতে হবে। তবে পূর্বের মনোনিত প্রতিনিধিই বহাল থাকবেন।**

১৬-৯-২০২০
সফিউদ্দিন আহমদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

জনাব মো: আবদুল মুকীত, সহকারী পরিচালক (অর্থ)

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০৩২.১৮.৬২০/১(৫)

তারিখ: ১ আশ্বিন ১৪২৭
১৬ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

২) অধ্যক্ষ, উল্লাসপুর খলিল উদ্দিন ইসলামিয়া আলিম মাদ্রাসা, সদর, নওগাঁ।

৩) জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।

৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নওগাঁ।

৫) অফিস, কপি।

১৬-৯-২০২০
মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক